

কাল খুলছে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৪ মে ২০২৪, ১৮:৫৯



ছবি: সংগৃহীত

UNIBOTS

তীব্র গরমে বন্ধ থাকা দেশের সব মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান আগামীকাল রোববার থেকে খুলছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার (৪ মে) বিকালে শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৫ এপ্রিল প্রকাশিত প্রজ্ঞাপনের শর্ত পালন সাপেক্ষে আগামীকাল রোববার থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম অব্যাহত থাকবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, প্রাক-প্রাথমিকের পাঠদান বন্ধ থাকবে। আগামীকাল থেকে প্রাথমিকের শ্রেণি কার্যক্রম চললেও অ্যাসেম্বলি বন্ধ থাকবে।

উল্লেখ্য, দেশে চলমান তাপপ্রবাহের কারণে হাইকোর্টের নির্দেশে সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান ২ মে (আজ বৃহস্পতিবার) পর্যন্ত বন্ধ রাখতে নির্দেশ দেওয়া হয়েছিল।

ইত্তেফাক/এবি